

বিজ্ঞপ্তি দেওয়ার দীর্ঘ ৩৩ মাস পর ১৭তম শিক্ষক নিবন্ধনের প্রিলিমিনারি পরীক্ষার তারিখ ঘোষণা করল বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)। ৩০ ডিসেম্বর সকাল ১০টা থেকে বেলা ১১টা পর্যন্ত স্কুলপর্যায়ের পরীক্ষা হবে। আর কলেজপর্যায়ের পরীক্ষা হবে ৩১ ডিসেম্বর। এ পরীক্ষাও সকাল ১০টা থেকে বেলা ১১টা পর্যন্ত হবে।

advertisement

গতকাল সোমবার এনটিআরসিএর পরিচালক (পমূপ) তাহসিনুর রহমান সহী করা এক বিজ্ঞপ্তিতে এ তথ্য দেওয়া হয়।

advertisement 4

এর আগে ২০২০ সালের ২৩ জানুয়ারি ১৭তম শিক্ষক নিবন্ধনের বিজ্ঞপ্তি প্রকাশ করে এনটিআরসিএ। ওই বছরের ১৫ ও ১৬ মে প্রিলিমিনারি এবং ৭ ও ৮ আগস্ট লিখিত পরীক্ষা নেওয়ার কথা ছিল। কিন্তু মহামারীর কারণে পরে পরীক্ষা হ্রাসিত করা হয়। সবশেষ নতুন করে আবারও পরীক্ষার তারিখ ঘোষণা করল এনটিআরসিএ। এদিকে এরই মধ্যে পরীক্ষায় বসতে ১১ লাখ ৭২ হাজার ২৮৬ জন প্রার্থী আবেদন করেছেন।

শিক্ষক নিবন্ধন পরীক্ষা হবে তিন ধাপে। প্রিলিমিনারি পরীক্ষা দিয়ে শুরু হবে প্রথম ধাপ। এই পরীক্ষায় উত্তীর্ণদের দ্বিতীয় ধাপে দিতে হবে লিখিত পরীক্ষা। এর পর লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের নেওয়া হবে মৌখিক পরীক্ষা।

advertisement